

বোধ পরীক্ষণ

প্রথমে তোমরা গদ্যাংশটি ভালো করে পড়ো এবং তারপর নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর লেখো।

(স্বামী বিবেকানন্দের ছোটবেলার ডাকনাম ছিল বিলে। কত অদ্ভুত খেয়ালই না আসত বিলের মাথায়।

তখন তার বাবা বিশ্বনাথ দত্তের বৈঠকখানায় আসতেন নানা রকমের মক্কেল। তাঁদের মধ্যে একজন বুড়ো মুসলমান। এই বুড়ো মানুষটি বিলেকে বড়ো ভালোবাসতেন, বিলেরও লোকটিকে বড়ো পছন্দ ছিল। তার কারণ ছিল। লোকটির বাড়ি ছিল আফগানিস্তানের দিকে। সেখান থেকে তাঁরা ভীষণ পাহাড়ি বনে উটের পিঠে বা ঘোড়ার পিঠে করে আসতেন ভারতবর্ষে ব্যবসা করতে। তারই নিত্যনতুন গল্প করতেন লোকটি বালক বিলের কাছে। বিলে বসে বসে শুনত—আর ভাবত বসে সেইসব দূর দূর দেশ আর দুর্গম পাহাড়ি পথের কথা।

লোকটি মাঝে মাঝে বিলের জন্য মিষ্টি নিয়ে আসতেন, খুশি হয়ে অন্য সব মক্কেলের সামনে তাঁর হাত থেকে খাবার নিয়ে বিলে খেতে থাকত। মুসলমানের হাত থেকে হিন্দুর ছেলে নিয়ে নিয়ে খাবার খাচ্ছে—অনেকের জিনিসটা ভালো লাগত না, মুসলমান মক্কেল চলে গেলে অনেকেই অনেক দিন বিলেকে বলেছে—অমন আর কোরো না খোকা, ওতে জাত যায়।

জাত যায়? সেটা আবার কী? মানুষের জাত আবার যায় কী করে? বিস্ময় লাগে বালক বিলের মনে।

❖ উত্তর লেখো।

[ক] সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও (MCQ) :

- ১। স্বামী বিবেকানন্দের ছোটবেলার ডাকনাম ছিল—
(অ) নরেন (আ) বিলে
(ই) রবি (ঈ) ঈশ্বর
- ২। বিশ্বনাথ দত্তের বৈঠকখানায় আসতেন একজন—
(অ) বুড়ো হিন্দু (আ) বুড়ো খ্রিস্টান
(ই) বুড়ো বৌদ্ধ (ঈ) বুড়ো মুসলমান
- ৩। বুড়ো মানুষটি মাঝে মাঝে বিলের জন্য নিয়ে আসত—
(অ) ফলমূল (আ) মিস্তি
(ই) খেলনা (ঈ) ঘুড়ি
- ৪। বুড়ো মানুষটির বাড়ি ছিল—
(অ) পাকিস্তানে (আ) আফগানিস্তানে
(ই) কাশ্মীরে (ঈ) দিল্লিতে
- ৫। বিলে বসে বসে শুনত, আর ভাবত বসে সেইসব দূর দূর দেশ আর—
(অ) দুর্গম পাহাড়ি পথের কথা (আ) মনোরম পাহাড়ি পথের কথা
(ই) দুর্গম জঙ্গলের কথা (ঈ) জলপথের কথা

[খ] এককথায় উত্তর দাও:

১. বিলের বাবার নাম কি?
২. তাঁর বৈঠকখানায় কারা আসতেন?
৩. বৃদ্ধ মুসলমান লোকটি বিলেকে কী গল্প শোনাতেন?
৪. বিলের কোন জিনিসটা অনেকের ভালো লাগত না?
৫. কোন কথা ভেবে বালক বিলের মনে বিস্ময় জাগে?

[গ] শূন্যস্থান পূরণ করো:

তারই_____ গল্প করতেন লোকটি বালক বিলের কাছে

কত অদ্ভুত_____ না আসত বিলের মাথায়।